

💵 লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

১৫৭. উত্তম জীবন

সুখ সম্বন্ধে আমরা পূর্বে অধ্যায়গুলোতে যা কিছু আলোচনা করেছি তা এক কথায় প্রকাশ করা যায়। আর তা হলোঃ সবকিছুর প্রভু আল্লাহর প্রতি ঈমান রাখা। এ পর্যন্ত অন্য যা কিছু আমরা আলোচনা করেছি তা সবই বৃথা যদি আপনার আল্লাহর প্রতি ঈমান না থাকে। আল্লাহকে প্রভু হিসেবে, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে আল্লাহর রাসূল হিসেবে বিশ্বাস করা এবং ইসলামকে জীবন-বিধান হিসেবে গ্রহণ করা অবশ্যই ভিত্তি (প্রধান কাজ) হতে হবে।

"(তাওহীদ বা ইসলামী একত্ববাদে বিশ্বাসী) যে কোন ঈমানদার নর-নারী নেক আমল করবে আমি অবশ্যই তাকে (এ পৃথিবীতে সম্মান, পরিতৃপ্তি ও হালাল রিযিক সম্বলিত) উত্তম জীবন দান করব এবং আমি অবশ্যই তাদেরকে তাদের নেক আমল আনুযায়ী (পরকালে জান্নাত) পুরস্কার দিব।" (১৬-সূরা আন নাহলঃ আয়াত-৯৭)

উত্তম জীবনের জন্য দুটি শর্ত আছে। আর তা হলো-

- ১. আল্লাহর প্রতি ঈমান রাখা, ২. আমলে সালেহ করা।
- "নিশ্চয় যারা ঈমান আনে ও আমলে সালেহ করে পরম করুণাময় (আল্লাহ মু'মিনদের অন্তরে) তাদের জন্য অচিরেই ভালোবাসা সৃষ্টি করে দিবেন। (১৯-সূরা মারইয়ামঃ আয়াত-৯৬)
- যে আল্লাহর প্রতি ঈমান রাখে ও নেক আমল করে সে দুটি উপকার পায়
- ১. ইহকালে ও পরকালে এক সুখী-সমৃদ্ধ উত্তম জীবন।
- ২. মহান আল্লাহর পক্ষ থেকে বিশাল পুরস্কার।
- "দুনিয়ার জীবনে ও আখেরাতে তাদের জন্য রয়েছে শুভ সংবাদ।" (১০-সুরা ইউনুসঃ আয়াত-৬৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7666

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন